13 JUN 2008

# এক নজরে বৃটিশ কাউন্সিল লাইব্রেরি

বাংলাদেশে যে কয়টি বৃহৎ ও সমৃদ্ধ লাইব্রেরি রয়েছে তার মধ্যে বৃটিশ কাউন্সিল লাইব্রেরি অন্যতম। এ লাইব্রেরিতে ইংরেজি ভাষায় লেখা বিভিন্ন ধরনের মোট ১২ হাজার বই রয়েছে। এ ছাড়াও রয়েছে বৃটেন থেকে প্রকাশিত দৈনিক পত্রিকা ও জনপ্রিয় প্রচুর সাময়িকী। লাইব্রেরির ভেতরে রয়েছে সাইবার সেন্টার, যেখানে সদস্যরা ইন্টারনেটে ব্রাউজিং করতে পারে। IELTS-এর প্রস্তুতির জন্য প্রতিষ্ঠা করা হয়েছে *সেলফ অ্যাকসেস সেন্টার*। এখানে IELTS-এর প্রয়োজনীয় বই ও সিডি ক্যাসেটের ব্যবস্থা রয়েছে। সিডি ক্যাসেটগুলো শুনে বই নিয়ে অনুশীলন করা যায়। লাইব্রেরিতে রয়েছে ইংরেজি ভাষা, সাহিত্য, ফ্যাশন ডিজাইন, ব্যবসা, চিকিৎসা, অর্থনীতি, গ্রন্থাগার বিজ্ঞান, শিশু উপন্যাস, বিজ্ঞান, ধর্ম ও মিডিয়া নিয়ে





প্রচুর মূল্যবান বইয়ের ভাণ্ডার। লাইব্রেরির সদস্যরা এসব বই পড়তে পারেন এবং ধার নিতে পারেন। বৃটেন থেকে প্রকাশিত যেসব দৈনিক পত্রিকা পাঠকদের জন্য পরিবেশন করা হয় সেগুলো হলো-

The guardian, Financial times, The sunday times, The times, Eastern eye, The jobs.

বৃটেন থেকে প্রকাশিত যেসব জনপ্রিয় সাময়িকী ও ম্যাগাজিন পাঠকরা পেয়ে থাকে সেগুলো হলো-

The wisden cricket, Readers Digest, Good food, সাপ্তাহিক জনমত, Geographical, f. Nature, g. Wild life, New Scientist, Auto Car World Soccer, New law সহ আরো অনেক ম্যাগাজিন।

প্রশস্ত ও পরিচ্ছন্ন পরিবেশে বৃটিশ কাউন্সিল লাইব্রেরির সদস্যরা আন্তরিকতাপূর্ণ সেবা পেয়ে থাকে। কারণ বৃটিশ কাউন্সিল তার গ্রাহকদের পেশাগত ও জ্ঞানসমৃদ্ধ সেবা প্রদানের জন্য বদ্ধপরিকর।

**নানা ধরনের মেম্বারশিপ**

বৃটিশ কাউন্সিল লাইব্রেরির কয়েক ধরনের সদস্যপদ দেয়া হয়। নিচে এ সদস্যপদের নাম, সদস্যপদ পাওয়ার জন্য করণীয় এবং সুযোগ-সুবিধাগুলো বর্ণনা করা হলো।

**স্টুডেন্টস মেম্বারশিপ** ৬৫০ টাকা প্রদান সাপেক্ষে বৃটিশ কাউন্সিলের নির্ধারিত ফর্ম পূরণ করে স্টুডেন্ট মেম্বার হওয়া যায়। ফর্মে নিজের পরিচিতি, প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সিলমোহর থাকতে হবে এবং সঙ্গে আনতে হবে এক কপি স্ট্যাম্প সাইজ ছবি। মেম্বারশিপ প্রাপ্তির দিন থেকে পরবর্তী ১ বছর তা বহাল থাকে। স্টুডেন্টস মেম্বাররা লাইব্রেরিতে বসে পড়তে পারবে, আধা ঘণ্টা ইন্টারনেট ব্রাউজ করতে পারবে এবং IELTS এর প্রস্তুতির জন্য *সেলফ অ্যাকসেস সেন্টার* (Self Access Centre) থেকে সিডি ক্যাসেট নিয়ে শোনা ও অনুশীলন করতে পারবে। এছাড়াও লাইব্রেরি থেকে ৪টি বই তিন সপ্তাহের জন্য এবং ১টি ভিডিও ক্যাসেট ১ সপ্তাহের জন্য ধার নিতে পারবে।

**জেনারেল মেম্বারশিপ** জেনারেল মেম্বাররাও লাইব্রেরির সব সুবিধা পায়। তারা ৪টি বই ও ৩টি পুরনো ম্যাগাজিন ৩ সপ্তাহের জন্য এবং ২টি ভিডিও ক্যাসেট ধার নিতে পারবে। জেনারেল মেম্বারশিপ প্রাপ্তির জন্য ৮৫০ টাকা প্রদান সাপেক্ষে বৃটিশ কাউন্সিলের নির্ধারিত ফরম পূরণ করতে হবে। জেনারেল মেম্বারসহ সব ধরনের মেম্বারকে নির্ধারিত সময়ের মধ্যে ধার নেয়া বই, ভিডিও সিডি, ডিভিডি ফেরত না দিলে নির্ধারিত হারে জরিমানা পরিশোধ করতে হয়।

**ফ্যামিলি মেম্বারশিপ** ২৪০০ টাকা প্রদান করে কাউন্সিলের নির্দিষ্ট ফরম পূরণ করে ফ্যামিলি মেম্বারশিপ পাওয়া যায়। ফ্যামিলি মেম্বারশিপের অধিকারীরাও লাইব্রেরি ব্যবহারের সব সুবিধাসহ ৮টি বই ও ৩টি পুরনো সাময়িকী ৩ সপ্তাহের জন্য ধার নিতে পারে এবং ১টি ডিভিডি (YLC-এর) ধার নিতে পারবে ১ সপ্তাহের জন্য।

**ইয়াং মেম্বারশিপ** বৃটিশ কাউন্সিল লাইব্রেরিতে শিশুদের জন্য রয়েছে ওয়াইএলসি (YLC) মেম্বারশিপ। YLC এর পূর্ণরূপ Young Learner's Corner বা ইয়াং লার্নারস কর্নার। ১৩০০ টাকা প্রদান সাপেক্ষে বৃটিশ কাউন্সিলের নির্ধারিত ফরম পূরণ করে ওয়াইএলসি মেম্বারশিপের অধিকারী হওয়া যায়। এ প্রকার মেম্বারের জন্য রয়েছে বাচ্চাদের বিভিন্ন ধরনের বই ও ডিভিডি। ওয়াইএলসি মেম্বাররা ৪টি বই তিন সপ্তাহের জন্য এবং ১টি ডিভিডি ১ সপ্তাহের জন্য ধার নিতে পারে।

**ডিভিডি মেম্বারশিপ** বৃটিশ কাউন্সিলে রয়েছে হলিউড ও বৃটেনের অস্কারসহ অন্যান্য পুরস্কারপ্রাপ্ত বিভিন্ন সিনেমার ডিভিডি। ৬০০ টাকা প্রদান করে যারা ফরম পূরণ করবে তারাই ডিভিডি মেম্বার বলে গণ্য হবে। তারা ১ সপ্তাহের জন্য ২টি ডিভিডি ধার নিতে পারবে।

**করপোরেট মেম্বারশিপ** করপোরেট মেম্বারশিপের জন্য ৬,৫০০ টাকা পরিশোধ করতে হবে। বিভিন্ন প্রতিষ্ঠানকে এ ধরনের মেম্বারশিপ প্রদান করা হয়। করপোরেট মেম্বারশিপের অধিকারী হলে ২৫টি বই এবং দশটি সাময়িকী ৮ সপ্তাহের জন্য ধার নিতে পারবে। এছাড়াও ৫টি ডকুমেন্টারি ভিডিও ১ সপ্তাহের জন্য ধার নিতে পারবে। তবে ডকুমেন্টারি ভিডিও দেখার সুবিধা বৃটিশ কাউন্সিলের মধ্যে রয়েছে।